# চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

**বিষয়** : চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের জন্য গঠিত **'ইনোভেশন টিম'** কর্তৃক গৃহীত বাৎসরিক কর্মপরিচালনা সমূহের অগ্রগতি পর্যালোচনা, নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়িত কর্মপরিকল্পনা সমূহের অগ্রগতির প্রতিবেদন চাহিদা মত নৌপম, এটুআই ও মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ সংক্রান্ত সভার কার্যবিবরণীঃ-

**সূত্র** : মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং- ০৪.০০.০০০০.৮৩১.০৬.০০৯.১৬.৩১৮, তাং;- ২৮/১২/২০১৬ ইং

**সভার তারিখ** : **১৫/০২/২০২৪ইং** রোজ বৃহস্পতিবার, সময়- সকাল **১১.০০ ঘটিকা।**

**সভার স্থান** : সদস্য (এএন্ডপি) মহোদয়ের কক্ষ।

**ভূমিকা** : মন্ত্রিপরিষদ বিভাগ হতে নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মাধ্যমে উদ্ভাবনী কার্যক্রমে গতিশীলতা আনয়নের লক্ষ্যে মন্ত্রনালয়/বিভাগ ও আওতাধীন অধিদপ্তর/সংস্থা সমূহে ইনোভেশন টিমের বাৎসরিক কর্মপরিকল্পনা বাস্তবায়নের অগ্রগতি নতুন কর্মপরিকল্পনা গ্রহণ ও প্রতিমাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী সহ নৌ-পরিবহণ মন্ত্রণালয়ের মাধ্যমে চাহিদা অনুসারে মন্ত্রিপরিষদ বিভাগকে অবহিত করণের নিমিত্তে ১০/১২/২০২৩ইং তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় চবক এর নিম্নোক্ত কর্মকর্তাগণ সহ ইনোভেশন টিমের নিম্নোক্ত সদস্যগণ উপস্থিত ছিলেনঃ-

| | | |
|---|---|---|
| ০১। জনাব মোঃ হাবিবুর রহমান | - সদস্য (এএন্ডপি) | - ইনোভেশন অফিসার। |
| ০২। জনাব মোহাম্মদ আজিজুল মওলা | - সিনিয়র পারসোনেল অফিসার | - সদস্য। |
| ০৩। জনাব মুহাম্মদ শিহাব উদ্দিন | - ডেপুটি ম্যানেজার (ভূমি) | - সদস্য। |
| ০৪। জনাব সাখাওয়াত হোসেন | - উপ-প্রধান পরিকল্পনা | |
| ০৫। জনাব জাহিদুল ইমাম | - হিসাব রক্ষণ কর্মকর্তা | - সদস্য। |
| ০৬। জনাব সৈয়দ রেফায়েত হামিম | - সহকারী প্রকৌশলী (মেরিন) | - সদস্য। |
| ০৭। জনাব আরেফিন আদনান | - টার্মিনাল অফিসার | - সদস্য। |
| ০৮। জনাব মোহাম্মদ ওয়াকার খান | - সিনিয়র কম্পিউটার অপারেটর | - সদস্য - সচিব। |
| ০৯। জনাব রোমেন বিশ্বাস | - উপ-সহকারী প্রকৌশলী | |
| ১০। জনাব হাসান মোঃ আবু হান্নান | - সিনিয়র ডাটা এন্ট্রি অপারেটর | - সহায়তাকারী। |

**আলোচনাঃ** সভায় নিম্নোক্ত বিষয়ে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রঃ নং | ইনোভেশন কাজ | কাজের বিবরণ (উপকারিতা ও উপকারভোগী) | বাস্তবায়নের সময় কাল | বাস্তবায়নে | বাস্তবায়নের বর্তমান অবস্থা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | পেনশন সেবা সহজীকরণ এবং ডিজিটাল পদ্ধতিতে হাজিরা নিশ্চিতকরণ। | বর্তমানে উক্ত সেবাটি চালুর ফলে অসুস্থ, বয়োবৃদ্ধ ও দূরবর্তী স্থানে বসবাসকারী পেনশন হোল্ডারগণ সহজেই তাদের পেনশনের টাকা স্বশরীরে হাজিরা না দিয়েও অনালাইনে ব্যাংকের মাধ্যমে উত্তোলন করতে পারবে। কিন্তু, বর্তমানে প্রতি ১১ মাস অন্তর স্বশরীরে পেনশন শাখায় হাজিরা নিশ্চিত করতে যেয়ে অতিশয় অসুস্থ, বয়োবৃদ্ধ এবং দূরবর্তী অবস্থানরত পেনশনারদের শ্রম ও অর্থ ব্যয় করতে হয়। কিন্তু উক্ত সেবাটি চালু হলে অনলাইনে ভিডিও কলের মাধ্যমে সকলের হাজিরা নেয়া সম্ভব। এতে করে পেনশনারদের অর্থ, শ্রম এবং কষ্ট লাঘব হবে। | ২০২৩-২৪ | অর্থ ও হিসাব বিভাগ | প্রক্রিয়াধীন (৪০% কাজ সম্পন্ন) | |
| ০২ | ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট | উক্ত সার্ভিসটি চালু হলে, প্রশাসন শাখার ভান্ডার ব্যবস্থাপনায় যাবতীয় মালামাল গ্রহণ, ইস্যু, মালামালের দিন-ভিত্তিক, মাস-ভিত্তিক ও বাৎসরিক প্রতিবেদন সংক্রান্ত সকল কার্যক্রম ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট এর মাধ্যমে সম্পন্ন করা হলে ভান্ডার মজুদের তথ্য যেকোন সময় বের করা যাবে এবং ভান্ডার ব্যবস্থাপনায় অধিকতর স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিত হবে। | ২০২৩-২৪ | অভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, ভান্ডার বিভাগ, ভূমি বিভাগ | প্রক্রিয়াধীন (৫০% কাজ সম্পন্ন) | |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ০৩ | নৌ বিভাগের অধীন লাইসেন্স অফিস সমূহের বিভিন্ন চার্জ এবং ডিউস আদায় অনলাইন করণ। | উদ্ভাবনটি বাস্তবায়ন হলে জাহাজের মালিকগণ যে কোন স্থান হতে অনলাইনে পরিশোধযোগ্য শুল্ক কত তা জানতে পারবে, ফলে সময় ও অর্থ সাশ্রয় হবে এবং শুল্ক আদায়ে অধিকতর স্বচ্ছতা আসবে। বন্দর সেবা ও শুল্ক প্রদান সহজীকরণ উদ্ভাবনটির অন্যতম উদ্দেশ্য। | ২০২৩-২৪ | নৌ-বিভাগ এবং অর্থ ও হিসাব বিভাগ | প্রক্রিয়াধীন (৭০% কাজ সম্পন্ন) | |
| ০৪ | Information Management System (IMS) of Project for Chittagong Port Authority | উক্ত সফটওয়্যারটিতে চবক এর বিভিন্ন উন্নয়নমূলক কার্যক্রম এর প্রয়োজনীয় তথ্য এন্ট্রি দেয়া হবে যার ফলে ইনপুটকৃত তথ্যের প্রেক্ষিতে পরিকল্পনা বিভাগ উক্ত সফটওয়্যার থেকে তৈরীকৃত রিপোর্টের মাধ্যমে কম সময়ে যথাযথভাবে কার্যক্রম পরিচালনা করতে সক্ষম হবে।<br>নৌপরিবহন মন্ত্রণালয় এর বিভিন্ন দপ্তর থেকে পত্র সমূহ চেয়ারম্যান, চবক মহোদয় বরাবর প্রেরণ করা হয় এবং নির্ধারিত বেঁধে দেওয়া সময় সীমার মধ্যে উত্তর প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। যে তথ্য উপাত্ত সমূহ মন্ত্রণালয় কর্তৃক চাওয়া হয় তা চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের কার্যক্রমসমূহের সর্বশেষ অগ্রগতি বাস্তবায়নের তথ্য সংক্রান্ত। কিন্তু এই কার্যক্রমসমূহ চবকের বিভিন্ন বিভাগ কর্তৃক বাস্তবায়ন করা হয়। অন্যদিকে মন্ত্রণালয় কর্তৃক তথ্য উপাত্তসহ প্রতিবেদন খুবই স্বল্প সময়ের মধ্যে প্রেরণের জন্য বলা হয়। যদিও বিভিন্ন বিভাগের বিভিন্ন কার্যক্রমের তথ্য প্রতিদিনই পরিবর্তন হচ্ছে। এই পরিবর্তনশীল তথ্য উপাত্ত অতি স্বল্প সময়ে বিদ্যুৎ গতিতে সংগ্রহ সম্ভব হয় না। এর কারণ বিভিন্ন যেমন, কর্মকর্তা-কর্মচারী ছুটিতে থাকা, ঢাকায় থাকা, বিদেশে অবস্থান, দাপ্তরিক কাজে অফিসের বাইরে থাকা, মন্ত্রণালয়ে বিভিন্ন মিটিং এ থাকা, অসুস্থ থাকা ইত্যাদি কারনে যথা সময়ে উত্তর বা প্রয়োজনীয় তথ্য উপাত্ত উপস্থিত মূহুর্তে সংগ্রহ করা যায় না। কিংবা সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী দপ্তরে থাকলেও অন্যান্য কাজের ভিড়ে উক্ত কাজটি থেকে যায় বা নতুন করে তিনি তার সে কাজের লোকজন তথ্য নথি থেকে খুজে বের করে সাজাতে সাজাতে অনেক সময়ক্ষেপন করে ফেলেন। এতে মন্ত্রণালয়ে তথ্য উপাত্ত প্রেরণ প্রায়ই অসম্ভব হয়ে পড়ে। ফলে বেঁধে দেওয়া সময়সীমার মধ্যে উত্তর বা জবাব প্রেরণ না করার কারনে বিভিন্ন সময় টেলিফোন বা ওয়াটস্ অ্যাপে মেসেজ আসতে থাকে যা পরিকল্পনা বিভাগের কর্মকর্তাদের জন্য অত্যন্ত পরিতাপের বিষয়। | ২০২৩-২৪ | পরিকল্পনা বিভাগ | প্রক্রিয়াধীন (১০% কাজ সম্পন্ন) | |

০১। চবক ইনোভেশন কার্যক্রমের ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ০৩ মাস অন্তর অন্তর নৌপরিবহন মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।

০২। পেনশন সেবা সহজীকরণ এবং ডিজিটাল পদ্ধতিতে হাজিরা নিশ্চিত করণ। সেবাটি বাস্তবায়নের জন্য এনআইডি ভেরিফিকেশন সম্বলিত পেনশনারের তথ্যাদি CNS কর্তৃক তৈরিকৃত পেনশন মডিউলে Integration করতে হবে। যা অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক ১৬/০৫/২০২৪ইং তারিখের পূর্বে বাস্তবায়ন করতে হবে।

০৩। ঢাকাস্থ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর পরিদর্শন করতঃ সে আদলে আভ্যন্তরীণ নিরীক্ষা বিভাগ, অর্থ ও হিসাব বিভাগ, ভান্ডার বিভাগ ও ভূমি বিভাগ কর্তৃক ডিজিটাল স্টোর ম্যানেজমেন্ট কাজটি বাস্তবায়ন করতে হবে।

০৫। নৌ-বিভাগের অধীন লাইসেন্স অফিস সমূহের বিভিন্ন চার্জ এবং ডিউজ অনলাইন পেমেন্ট গেটওয়ের মাধ্যমে অনলাইনে আদায়ের কাজটি নৌ-বিভাগ এবং অর্থ ও হিসাব বিভাগ কর্তৃক যৌথভাবে বাস্তবায়ন করতে হবে।

০৬। পরিকল্পনা বিভাগ কর্তৃক প্রেরিত "Information Management System (IMS) of Project for Chittagong Port Authority" কাজটি সংশ্লিষ্ট বিভাগ কর্তৃক CNS এর মাধ্যমে দ্রুত বাস্তবায়ন করতে হবে।

০৭। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর ২.২.৩ এ উল্লেখিত নির্দেশনা অনুযায়ী আগামী ২৭/০২/২০২৪-২৯/০২/২০২৪ইং তারিখ ঢাকাস্থ আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর এবং মংলা বন্দর কর্তৃপক্ষের উদ্ভাবনী উদ্যোগ সমূহ পরিদর্শন করা হবে।

০৮। বার্ষিক ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর সকল উদ্ভাবনী উদ্যোগ "ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২৩-২৪" এর লক্ষ্যমাত্রা অনুযায়ী অসাধারণ পয়েন্ট অর্জনের উদ্দেশ্যে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে।

সভায় আর কোনো আলোচ্য সূচী না থাকায় উপস্থিত সকল কর্মকর্তাগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি করা হয়।

(মোঃ হাবিবুর রহমান)
যুগ্ম-সচিব
সদস্য (এএন্ডপি) ও ইনোভেশন অফিসার
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ
map@cpa.gov.bd